মেহেরপুরে ভোটে হেরে এক প্রার্থীর পানিতে ডুব দিয়ে কানধরে উঠবস

জীবনে আর কখনও ভোট করবেন না বলে কান ধরে উঠবস করলেন মোকলেছুর রহমান নামের এক ব্যক্তি। তিনি মেহেরপুর গাংনী পৌরসভা নির্বাচনের (১৬ জানুয়ারী) ৬নং ওয়ার্ড কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ¦◌ীতা করে শোচনীয় পরাজয় বরণ করেছেন।

বাড়ির পাশের খালের পানিতে কান ধরে উঠবস করে তিনি এ শপথ করেন। যার ৫২ সেকেন্ডের ভিডিওটি ভাইরাল হয়েছে।

ভিডিওতে দেখা গেছে, শীতের সকালে ঠাণ্ডা পানিতে কান ধরে পানিতে ডুব দিচ্ছেন মোকলেছুর রহমান। এ সময় তিনি বলছেন, “আর জীবনে বেঁচে থাকা পর্যন্ত কমিশনার ভোট করবো না, করবো না, করবো না।” এ সময় তিনি ঠাণ্ডা পানিতে সাতটি ডুব দিয়ে আর কখনও ভোট না করার প্রতিজ্ঞা করেন।

এ প্রসঙ্গে পরাজিত প্রার্থী মোকলেছুর রহমান বলেন, সবাই আমাকে নির্বাচনে দাঁড় করিয়েছে। শেষ পর্যন্ত দেখলাম টাকার কাছে সবাই বিক্রি হয়ে গেছে। ভোটের আগের দিন দুপুরবেলা পর্যন্ত আমার ভোট ছিল। দুপুরের পর বিক্রি হয়ে আমার ভোট আর নেই। দেখছি হাজারের নোট সবার পকেটে পকেটে চলে গেল আর আমার ভোট উল্টে গেল। এতে মানুষের মনোভাব আমি বুঝতে পেরে আমি ভোট না করার তওবা করলাম। বুঝলাম ভালো লোকের জন্য ভোট না।

এদিকে মোকলেছুর রহমানের ভাইরাল ভিডিও নিয়ে এখন এলাকায় নানা আলোচনা সমালোচনা চলছে।

প্রসঙ্গত, ৬নং ওয়ার্ডে কাউন্সিলর পদে ফাইল ক্যাবিনেট প্রতীকে নাছির উদ্দীন ৩৩৪ ভোট পেয়ে জয়লাভ করেছেন। বর্তমান কাউন্সিলর নবীর উদ্দীন (ডালিম) ৩১৭ ভোট, রবিউল ইসলাম (গাজর) ২৬৩ ভোট, মোকলেছুর রহমান (টেবিল ল্যাম্প) ১২৫ ভোট, আজির উদ্দীন (স্ক্রু ড্রাইভার) ৯৫ ভোট ও মনিরুজ্জামান (পানির বোতল) ৮৬ ভোট পেয়েছেন।

গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহম্মেদ আলীর সাথে সাংবাদিকদের মতবিনিময়

গাংনী পৌরসভার নবনির্বাচিত মেয়র আহম্মেদ আলীর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে গাংনী প্রেসক্লাবে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

গাংনী প্রেসক্লাবের সভাপতি প্রভাষক রমজান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নবনির্বাচিত পৌর মেয়র আহম্মেদ আলী।

এসময় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা মকবুল হোসেন, আর টিভি’র জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

এসময় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ।

গাংনী পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ গাংনী প্রেসক্লাবের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে রেড ক্রিসেন্টের ত্রাণ ও শীতবস্ত্র বিতরণ

মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্দ্যোগে অসহায়-দুস্থ মানুষের মাঝে ত্রাণ ও শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে অসহায়-দুস্থ মানুষের মাঝে এই ত্রাণ ও শীত বস্ত্র বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল উপস্থিত থেকে ৫০০ পরিবারকে ত্রাণ সামগ্রী এবং ৩০০ পরিবারকে শীতবস্ত্র বিতরণ করেন ।

এ সময় সেখানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট খন্দকার একরামুল হক, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্টের সদস্য আব্দুর রব বিশ্বাস, যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান খন্দকার সামসুজোহা সোহাগ প্রমুখ।

মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে মেহেরপুরে ব্যাডমিন্টন টুর্নামেন্ট

মুজিব জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে মেয়র কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার রাতে মেহেরপুরে ড. শহীদ সামসুজ্জোহা পার্কে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন মেয়র কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও

জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও বার কাউন্সিলের সভাপতি এডভোকেট মিয়াজান আলী, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন ও কাউন্সিলর বাপ্পি।

মুজিব জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে মেয়র কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করছে।

এই টুর্নামেন্টের সংগীতশিল্পী হিসেবে উপস্থিত ছিলেন, সামিয়া দেলোয়ার এবং চ্যানেল আই এর ক্ষুদে শিল্পী উদয়।

এ যেন মরণ ফাঁদ!

এম এফ রুপক
মেহেরপুর-মুজিবনগর সড়কের দারিয়াপুর জামে মসজিদের সামনে মরণ ফাঁদ হয়ে দাড়িছে শতবর্ষি কড়ই গাছ। প্রধান সড়কের পশ্চিম পাশে প্রায় ১০ ফিট পর্যন্ত রাস্তার উপর দাড়িয়ে আছে গাছটি। ইতিমধ্যে ঐ স্থানে বেশ কিছু সড়ক দুর্ঘটনাও ঘটেছে। তারপরও গাছটি অপসারনের কোন ব্যবস্থা করেনি কর্তৃপক্ষ। এছাড়াও মুবিজনগর সরকারি ডিগ্রী কলেজের উত্তর পাশে রয়েছে আরও একটি কড়ই গাছ। এটিও চলচলে ব্যাপক বাধার কারন হয়ে দাড়িয়েছে। গাছ গুলোতে শুকনো ডাল রয়েছে বেশ। যে কোন সময় ভেঙে পড়ে ঘটতে পারে বড় ধরনের দুর্ঘটনা।

দারিয়াপুর ইউনিয়ন তথ্য অফিসের দায়িত্বে থাকা আশরাফুল ইসলাম জানান, রাস্তার উপর গাছ গুলো অত্যন্ত বিপদজনক। গাছের কারনে রাস্তা ছোট হয়ে গেছে। ছোট খাট দুর্ঘটনা ইতিমধ্যে বেশ কয়েকটি ঘটেছে।

একই গ্রামের শিক্ষক তৌহিদুজ্জামান বলেন, মানুষের স্বাভাবিক চলাচলের জন্য গাছ গুলো অবশ্যই অপসারণ করা উচিত। সরকার কোটি টাকা খরচ করে প্রসস্থ রাস্তা নির্মান করেছে। অথচ সামান্য কারনে চলাচলে বাঁধা হচ্ছে।

এ বিষয়ে সড়ক ও জনপদ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী অনুজ কুমার দে

বলেন, রাস্তার উপর গাছ অপসারণের জন্য আমাদের একটি প্রকল্প ছিল। এই প্রকল্পে এটি এড়িয়ে যেতে পারে। তারপরও আমি বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, গাছটির প্রকৃত মালিক জেলা পরিষদ। আমরা জনগনের স্বাভাবিক চলাচলের জন্য জেলা পরিষদকে লিখিতভাবে অবহিত করবো। গাছ অপসারনের ক্ষেত্রে জেলা পরিষদকেই এগিয়ে আসতে হবে।

সামাজিক বন বিভাগ মেহেরপুরের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাফর উল্লাহ জানান, গাছের মালিক যে প্রতিষ্ঠান। তারা সঠিক প্রক্রিয়ায় আবেদন করলে গাছ অপসারণের ব্যবস্থা নেওয়া হবে।

গাছ অপসারনের বিষয়ে জেলা পরিষদ চেয়ারম্যান গোলাম রসুল বলেন, জেলা পরিষদ চাইলেও গাছ গুলো অপসারণ করতে পারে না। এটির জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। আমাদেরকে লিখিতভাবে জানালে, আমরা জেলা প্রশাসকের উন্নয়নসভায় বিষয়টি উপস্থাপন করবো।

মুজিবনগরে মাদক মামলার পলাতক আসামি আটক

মেহেরপুর মুজিবনগরে মাদক মামলার পলাতক আসামি দুলাল মল্লিক ধুলো
(৪৫) কে আটক করা হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রাম থেকে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক দুলাল মল্লিক একই গ্রামের মৃত হোসেন মল্লিকের ছেলে।

জেলা গোয়েন্দা বিভাগের ওসি বিষটি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থেকে মাদক মামলার পলাতক আসামি দুলাল মল্লিক কে আটক করা হয়। তার বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদক

নিয়ন্ত্রণ আইনে একটি মামলা আছে যার নম্বর ৫।

কাউন্সিলর হলেন একই পরিবারের তিন নারী

গাংনী পৌরসভা নির্বাচনে একই পরিবারের তিনজন সংরক্ষিত নারী কাউন্সিলর নির্বাচিত হয়েছেন।

নির্বাচিতরা হলেন ১, ২, ৩ নম্বর ওয়ার্ডের ফিরোজা খাতুন, ভোট সংখ্যা ৪, ৫, ৬ নম্বর ওয়ার্ডের মামাত ভাইয়ের বউ ঝর্ণা খাতুন এবং ৭, ৮, ৯ নম্বর ওয়ার্ডের সাজেদা খাতুন।

এদের মধ্যে ফিরোজা খাতুন ও সাজেদা খাতুন সহোদর বোন এবং ঝর্ণা খাতুন তাদের মামাত ভাইয়ের স্ত্রী।

গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলামের দু ভাগ্নে ও একজন ভাগ্নের স্ত্রী।

এবিষয়ে মজিরুল ইসলাম জানান, ফিরোজা খাতুন ও সাজেদা খাতুন আমার বোনের মেয়ে এবং ঝর্ণা খাতুন ভাগ্নের স্ত্রী।

গাংনী পৌরসভার সংরক্ষিত নারী কাউন্সিলর তিনজনেই এক পরিবার থেকে নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান তিনি। এদিকে নির্বাচিতদের বিভিন্ন মহল থেকে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানানো হচ্ছে।

নবনির্বাচিত মহিলা কাউন্সিলর ঝর্ণা বেগম বলেন, মহান আল্লাহ তায়ালা আমাদের সম্মানিত করেছেন। আমার ৪, ৫,ও ৬ নং ওয়ার্ডের সকল ভোটার ও সর্বসাধারণের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করছি। আমাদেরকে সম্মানিত করায় সর্বদা পৌরবাসীর সুখে দুঃখে পাশে থাকতে পারি তার জন্য দোয়া ও সহযোগীতা কামনা করেন এ নারী প্রতিনিধি।

উপজেলা নির্বাচন অফিস সুত্রে জানাগেছে, ঝর্ণা বেগম পেয়েছেন ১৫০৫ ভোট, সাজেদা খাতুন পেয়েছন ১৫২৭ ভোট এবং ফিরোজা খাতুন ২৪৫২ ভোট পেয়ে দ্বিতীয়বার নির্বাচিত হয়েছেন।

বুড়িপোতায় মুক্তিযোদ্ধা হেরেং শেখকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামের বিশিষ্ট মুক্তিযোদ্ধা হেরেং শেখকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে।

রবিবার বিকেলে রাষ্ট্রীয় মর্যাদায় তার দাফন সম্পূর্ণ করা হয়।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম রাষ্ট্রেরপক্ষ থেকে গার্ড অফ অনার প্রদান করেন।

জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত মরহুমের মরদেহ পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করেন এ সময় বিউগলে করুন সুর বেজে ওঠে।

এ সময় উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, তিন নং ওয়ার্ড কাউন্সিলর শরিফ উদ্দিন, সদর উপজেলার সাবেক কমান্ডার আবুল কাসেম, আব্দুল মালেক, সিরাজুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে অবৈধ ভাবে মাটি কাটার অপরাধে ২ জনের কারাদণ্ড

মেহেরপুরে আবাদি জমিতে অবৈধভাবে মাটি কাটার অপরাধে ভ্রাম্যমাণ আদালতে ২জনের কারাদণ্ড প্রদান করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি-কালীতলাপাড়া ব্রিজ সংলগ্নে সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান এই ভ্রাম্যমাণ আদালত

পরিচালনা করেন।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান জানান, আমঝুপি-কালীতলাপাড়া ব্রিজ সংলগ্নে আবাদি জমির মাটি কেটে পুকুর কাটছিল মেহেরপুর সদর উপজেলার আলমপুর গ্রামের মল্লিক শেখের ছেলে ইমাদুল ইসলাম (২৭) ও একই গ্রামের বিন মোহাম্মদের ছেলে আনোয়ার হোসেন
(২৬) এমন খবর পেয়ে অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে দু’জনকে আটক করা হয় এবং পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মাটি-বালি সংরক্ষণ আইন-২০১০ ধারা অনুযায়ী দু’জনের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানা ও অনাদায়ে ৩ মাসের জেল প্রদান করা হয়।

মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোস্টের সম্ভাব্যতা যাচাইয়ে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের প্রতিনিধি দল

মুজিবনগরে স্বাধীনতা সড়ক পরিদর্শন করেছেন স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের ৫ জনের একটি প্রতিনিধি দল। এসময় সেখানে ইমিগ্রেশন চেকপোস্টের সম্ভাব্যতা যাচাই করেন প্রতিনিধি দলটি।
রবিবার সকালে স্বরাষ্ট্র মন্ত্রনালয় (সুরক্ষা ও ইমিগ্রেশন) অতিরিক্ত সচিব ও দলনেতা আবদুল্লাহ আল মাসুদের নেতৃত্বে প্রোগ্রামের সমন্বয়কারী (ইমিগ্রেশন-৫)স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের যুগ্ম সম্পাদক এএসএম জাকির হুসাইন, যুগ্ম সম্পাদক ও পরিচালক (ট্র্যাফিক) এবং বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সদস্য মোস্তফা কামাল মজুমদার,(দক্ষিণ এশিয়া) পররাষ্ট্র মন্ত্রনালয়ের সিনিয়র সহকারী সচিব দীন মুহাম্মদ ইমাদুল হক,জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) দ্বিতীয় সচিব আক্তার হোসেন ও (দক্ষিণ এশিয়া -১) পররাষ্ট্র মন্ত্রনালয়ের সহকারী সচিব ইফতেখার আহমেদ স্বাধীনতা সড়কটি পরিদর্শন করেন এবং চেকপোস্টের সম্ভাব্যতা যাচাই করেন। পরিদর্শন কালে মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম

খান,পুলিশ সুপার এসএম মুরাদ আলী, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম তাদের সঙ্গে ছিলেন।
এর আগে তারা মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হয়।পুষ্পমাল্য অর্পনকালে ◌্য অর্পন শেষে তিনারা মুজিবনগর স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।